কালের কণ্ঠ

তারিখ 21-FEB 2015
পৃষ্ঠা ৩ কলাম ৩



শিক্ষায় রাজনৈতিক হস্তক্ষেপের অভিযোগ

# নালন্দার উপাচার্য থাকতে রাজি নন অমর্ত্য

কালের কণ্ঠ ডেস্ক ▷

নালন্দা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদে পুনর্বহালের প্রস্তাব বাতিল করলেন অমর্ত্য সেন। তাঁর অভিযোগ, ওই পদে তাঁকে বহাল রাখতে আগ্রহী নয় কেন্দ্রীয় সরকার। উপাচার্য হিসেবে দ্বিতীয় দফায় তাঁর নিয়োগে উদ্দেশ্যপ্রণোদিত প্রশাসনিক ঢিলেমিতে যথেষ্ট অপমানিত নোবেলজয়ী অর্থনীতিবিদ। তিনি মোদি সরকারের কড়া সমালোচনা করে বলেছেন, 'দেশের শিক্ষাব্যবস্থা রাজনৈতিক নেতাদের দ্বারা বিশেষভাবে প্রভাবিত।'

গতকাল বৃহস্পতিবার নালন্দা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক বোর্ডকে লেখা চিঠিতে দ্বিতীয়বার উপাচার্যের দায়িত্ব গ্রহণে স্পষ্ট আপত্তি জানিয়েছেন অমর্ত্য সেন। তাঁর বক্তব্য, ওই পদে তাঁর পুনর্নিয়োগ সম্পর্কে রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের সম্মতি জানাতে উদ্দেশ্যপ্রণোদিত দেরি করা হয়েছে। সরকারের এই আচরণের কারণ হিসেবে উপাচার্য পদে তাঁর পুনর্বহালে প্রশাসনের অনিচ্ছাকেই দায়ী করেছেন নোবেলজয়ী। তিনি জানিয়েছেন, সরকারের আপত্তিতেই সময়মতো সম্মতি জানাতে পারেননি রাষ্ট্রপতি।

লোকসভা নির্বাচনের আগে থেকেই প্রধানমন্ত্রী পদপ্রার্থী হিসেবে নরেন্দ্র মোদির নির্বাচনে প্রকাশ্যে একাধিকবার আপত্তি জানিয়েছিলেন অমর্ত্য সেন। স্বভাবতই, কেন্দ্রে মোদির নেতৃত্বে বিজেপি ক্ষমতাসীন হওয়ার পর সে সম্পর্ক স্বাভাবিক হয়নি। জল্পনা, সম্পর্কের এ অবনতিই অমর্ত্য সেনের পুনর্বহালে সরকারের অনীহা স্পষ্ট করে।

চিঠিতে অমর্ত্য সেন বলেন, 'সংসদে নালন্দা বিশ্ববিদ্যালয় আইন পাস হলেও কার্যত, শিক্ষাপ্রতিষ্ঠানের স্বাধীনতায় পরোক্ষভাবে রাজনৈতিক হস্তক্ষেপ বেড়ে চলেছে।' প্রসঙ্গত, নালন্দা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে আগামী জুলাই মাসে অমর্ত্য সেনের দায়িত্বের মেয়াদ শেষ হতে চলেছে। তিনি জানিয়েছেন, 'নালন্দা বিশ্ববিদ্যালয়ের হিতার্থে আগামী জুলাই মাসের পর নিজেকে এই প্রতিষ্ঠানের উপাচার্য পদপ্রার্থীর তালিকা থেকে বাদ দিচ্ছি। এ প্রসঙ্গে সরকারি বোর্ডের যাবতীয় প্রস্তাব ও অনুরোধ সত্ত্বেও এ সিদ্ধান্ত নিতে বাধ্য হলাম।' সূত্র : হিন্দুস্তান টাইমস।